# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮০৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কুমারী, পর্দানশীন ও ঋতুবতী নারীর জন্য বৈধ আছে মুসলিমদের ঈদে উপস্থিত হওয়া

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْأَبْكَارِ وَذَوَاتَ الْخُدُورِ والحُيَّضِ أَنْ يَشْهَدْنَ أَعْيَادَ الْمُسْلِمِينَ

আরবী

2805 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ: قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ عَنْ حَفْصَةَ عَنْ أُمِّ عَطِيَّةَ قَالَتْ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نُخْرِجَهُنَّ يَوْمَ الْفِطْرِ وَيَوْمَ الْأَضْحَى يَعْنِي أَبْكَارَ الْعَوَاتِقِ وَذَوَاتِ الْخُدُورِ والحُيَّضِ فَقُلْتُ: أَرَأَيْتَ إِحداهنَّ لَا يَكُونُ لَهَا جِلْبَابٌ؟ قَالَ: (فَتُلْبِسُها أُخْتُها مِنْ جِلْبَابِهَا)

الراوي : أُمّ عَطِيَّةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2805 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1041): ق.

বাংলা

২৮০৫. উম্মু আতিয়্যাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে আদেশ করেছেন আমরা যেন ঈদুল ফিতর ও ঈদুল আযহাতে তাদেরকে বের করে নিয়ে যাই। অর্থাৎ কুমারী, পর্দানশীন ও ঋতুবতী নারীদের।

তখন আমি বললাম, “আপনার কি অভিমত, যদি তাদের কারো চাদর না থাকে?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তবে তার বোন তার চাদর থেকে তাকে পরিধান করাবে।”[1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৩০৭; মুসনাদ আহমাদ: ৫/৮৪; দারেমী: ১/৩৭৭; সহীহ মুসলিম: ৮৯০; মুসনাদ আহমাদ:

৫/৮৪; সহীহুল বুখারী: ৩২৪; নাসাঈ: ৩/১৮০; আবূ দাঊদ: ১১৩৭; ইবনু মাজাহ: ১৩০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92135

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন